

## রাজশাহী শিক্ষাবোর্ড

### চেয়ারম্যানকে

### স্ট্যান্ড রিলিজ

#### ■ রাজশাহী অফিস

ওএসডি (অফিসার অন স্পেশাল ডিউটি) হলো রাজশাহী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের চেয়ারম্যান অধ্যাপক ড. আবুল হায়্যতকে এবার স্ট্যান্ড রিলিজ করা হয়েছে। সোমবার শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে গতকাল মঙ্গলবার দুপুর ১২টার মধ্যে তার কর্মস্থল ছেড়ে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর ঢাকায় যোগদান করতে বলা হয়।

এ সময়ের মধ্যে তিনি বোর্ড চেয়ারম্যানের পদ না ছাড়লে সেটি এমনিডেই ফাকা হয়ে যাবে। গত সোমবার বিকালে শিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ফাতেমা তুল জার্নাত ওই প্রজ্ঞাপনে স্বাক্ষর করেন। এর আগে গত ২০ আগস্ট অধ্যাপক আবুল হায়্যতকে ওএসডি করা হয়েছিল। গত ১৯ ফেব্রুয়ারি তিনি রাজশাহী শিক্ষা বোর্ডের চেয়ারম্যান হিসেবে যোগদান করেন। জানতে চাইলে সচিব আবুল কালাম আজাদ বোর্ড চেয়ারম্যান আবুল হায়্যতকে স্ট্যান্ড রিলিজের কথা স্বীকার করেন তবে তিনি কোনো মন্তব্য করতে রাজি হননি।